# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 16-10-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে মহিলারা সুরক্ষিত নন বলে ফের উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস।
২) রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর অঙ্গ হিসেবে ম্যাপিং-এ প্রায় সাড়ে তিন কোটি ভোটারের মিল পাওয়া গেছে।

৩) ২০১৬-র প্যানেলে অযোগ্য শিক্ষাকর্মীদের নামের তালিকা প্রকাশ করতে চলেছে স্কুল সার্ভিস কমিশন।

৪) পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, যাত্রী ভীড় সামাল দিতে বিধাননগর রোড স্টেশনের চার জোড়া এক্সপ্রেস ট্রেনের স্টপেজ বাতিল করছে। এই স্টেশনটিকে " ভেন্ডর - ফ্রি জোন " হিসেবে ঘোষণা করা হবে ।

৫) রাজ্যের প্রায় সব জেলাতেই ভোরের দিকে শীতের আমেজ অনুভূত হচ্ছে। কমেছে সর্বনিম্ন তাপমাত্রাও।

oooooooooooooooooooooo

রাজ্যে মহিলারা সুরক্ষিত নন বলে ফের উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস। কলকাতায় গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, দুর্গাপুরের ঘটনা হিমশৈলের চূড়া মাত্র। এই ধরণের অপরাধকে সামাজিক ব্যাধি হিসেবে উল্লেখ করে সমূলে এর বিনাশ ঘটাতে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার

আহ্বান জানান রাজ্যপাল। তিনি বলেন, দুর্গাপুরের ঘটনার বিস্তারিত রিপোর্ট কেন্দ্রকে পাঠানো হয়েছে। সাংবিধানিক আইন অনুযায়ী দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হবে আইন শৃঙ্খলা রক্ষায় পুলিশের ভূমিকা নিয়ে খেদ ব্যক্ত করেন তিনি।

(বাইট-রাজ্যপাল)

ooooooooooooooooooooooo

দুর্গাপুরে মেডিকেল পড়ুয়াকে ধর্ষণের ঘটনায় এরাজ্যের আইনশৃঙ্খলা নিয়ে প্রশ্ন তুলে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন ওড়িশার বিজেপি সাংসদ প্রতাপ সাড়েঙ্গি। বিষয়টি নিয়ে গতকাল রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের সঙ্গে সাক্ষাত্ করেন তিনি। পুলিশ এই ঘটনায় যাদের গ্রেফতার করেছে, তারা প্রকৃত অপরাধী কিনা, সে বিষয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, পশ্চিমবঙ্গে একের পর এক ধর্ষণের ঘটনা জাতীয় স্তরে অত্যন্ত উদ্বেগজনক প্রভাব ফেলছে । নির্যাতিতার মেডিকেল রিপোর্ট প্রকাশ্যে আনার দাবি জানান সাংসদ।

এদিকে, এই ঘটনায় এমবিবিএস ছাত্রীর সহপাঠী, ধৃত ওয়াসেফ আলিকে সাত দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে দুর্গাপুর আদালত। ধৃতের বিরুদ্ধে পারস্পরিক পরিকল্পনা করে ধর্ষণ, ছিনতাই, তোলাবাজি সহ একাধিক ধারায় মামলা রুজু করেছে পুলিশ। গতকাল অভিযুক্তের মেডিক্যাল পরীক্ষাও করা হয়।

ooooooooooooooooooooooo

রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার নারী এবং আদিবাসী বিরোধী বলে বিজেপি অভিযোগ করেছে। এর প্রতিবাদে কালীপূজোর পর বিজেপি, আদিবাসীদের সঙ্গে নিয়ে রাজ্য জুড়ে আন্দোলন গড়ে তুলবে বলে জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু

অধিকারী। জলপাইগুড়ির নাগরাকাটায় সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষ এর উপর হামলার প্রতিবাদে বিজেপি গতকাল কলকাতার কলেজ স্কোয়ার থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত মিছিল করে। তীর-ধনুক হাতে মিছিলে সামিল হন, সুকান্ত মজুমদার, ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, লকেট চট্টোপাধ্যায়, বিজেপির প্রাক্তন সভাপতি রাহুল সিনহা প্রমুখ। নাগরাকাটার ঘটনায় এক মাসের মধ্যে প্রকৃত অপরাধীদের গ্রেফতারের দাবি জানানোর পাশাপাশি এর বিরুদ্ধে আদিবাসী সমাজকে আন্দোলনে সামিল হওয়ার আহ্বান জানান সুকান্তবাবু।

(বাইট – সুকান্ত)

oooooooooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআরের অঙ্গ হিসেবে পুরোনো তালিকার তথ্য মিলিয়ে দেখা বা ম্যাপিং এর মাধ্যমে প্রায় সাড়ে তিন কোটি ভোটারের মিল পাওয়া গেছে। ফলে এসআইআরের সময় ম্যাপিং'-এ মিল থাকা ভোটারদের নতুন করে নথিপত্র, প্রমাণ বা যাচাইয়ের প্রয়োজন হবে না। এসআইআরের প্রস্তুতি হিসাবে রাজ্যে ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে সর্বশেষ প্রকাশিত তালিকা মিলিয়ে দেখা বা ম্যাপিং এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত দার্জিলিং এবং জলপাইগুড়ি বাদে বাকি সব জেলাতেই এই ম্যাপিং-এর কাজ প্রায় একশো শতাংশ সম্পন্ন। বাকি জেলাগুলির ম্যাপিং এর কাজ আজকের মধ্যে শেষ করে এসংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট পোর্টালে আপলোড করার কথা।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন, এই প্রক্রিয়ায় বাংলাদেশের সীমান্ত সংলগ্ন জেলাগুলিতে গড়ে ৪০ শতাংশের বেশি ভোটারের সন্ধান পাওয়া যায়নি।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০১৬-র প্যানেলে অযোগ্য চিহ্নিত শিক্ষক-শিক্ষিকাদের পর এবার অযোগ্য শিক্ষাকর্মীদের নামের তালিকা প্রকাশ করতে চলেছে স্কুল সার্ভিস কমিশন। শিক্ষাকর্মী নিয়োগের আগেই ওই তালিকা প্রকাশ করা হতে পারে বলে জানা গেছে। উল্লেখ্য, নিয়োগ দুর্নীতি মামলায় সুপ্রিম কোর্ট ২০১৬ -এর প্যানেল বাতিল করে দেয়। ফলে চাকরি হারান প্রায় ২৬ হাজার শিক্ষক এবং শিক্ষাকর্মী।
সম্প্রতি শিক্ষক নিয়োগের পরীক্ষা সম্পন্ন হয়েছে। এবার গ্রুপ-সি ও গ্রুপ-ডি কর্মী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে এসএসসি। আগামী তেসরা নভেম্বর থেকে অনলাইনে আবেদন করা যাবে। তবে কিন্তু অযোগ্য তালিকায় নাম থাকা ব্যক্তিরা আবেদন করতে পারবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উৎসবের মরশুমে অনেকেই অনলাইন কেনাকাটা করে থাকেন।পণ্য পরিষেবা কর কাঠামোয় পরিবর্তনের ফলে এবার এই কেনাকাটা অনেক বেড়েছে। ই-কমার্স সাইটগুলি এমনিতেই বিভিন্ন ছাড় দিয়ে থাকে, তার ওপর GST ছাড়ে কেনাকাটা করতে সুবিধা হয়েছে বলে জানালেন ৩০ বছর বয়সী হিরন্ময় দাস।

(বাইট)

oooooooooooooooooooooo

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, যাত্রী ভীড় সামাল দিতে বিধাননগর রোড স্টেশনের চার জোড়া এক্সপ্রেস ট্রেনের স্টপেজ বাতিল করছে। শিয়ালদার DRM রাজীব সাক্সেনা গতকাল কলকাতায় সাংবাদিকদের জানান, এই চারটি ট্রেন হল শিয়ালদা - জয়নগর - শিয়ালদা গঙ্গাসাগর এক্সপ্রেস, শিয়ালদা - বামনহাট - শিয়ালদা উত্তরবঙ্গ এক্সপ্রেস, শিয়ালদা - আলিপুরদুয়ার জংশন - শিয়ালদা কাঞ্চনকন্যা এক্সপ্রেস এবং শিয়ালদা - মালদা টাউন - শিয়ালদা গৌড় এক্সপ্রেস। পাশাপাশি বিধাননগর স্টেশনটিকে " ভেন্ডর - ফ্রি জোন " হিসেবে ঘোষণা করা হবে । ২ নম্বর প্ল্যাটফর্মে কোনো বিক্রেতাকে বসতে দেওয়া হবে না।

তিনি আরও বলেন, শিয়ালদা থেকে আপ মেন লাইনে নৈহাটি, রানাঘাট, কৃষ্ণনগর, গেদে, বহরমপুর কোর্ট, লালগোলাগামী ট্রেনগুলি বিধাননগর রোড স্টেশন এবং দমদমে ১ নম্বর প্ল্যাটফর্মে দাঁড়াবে।

বারাসাত, বনগাঁ, হাসনাবাদ, ডানকুনি লোকাল আসবে বিধাননগরে ২ নম্বর প্ল্যাটফর্মে । সমস্ত মেল , এক্সপ্রেস, প্যাসেঞ্জার ট্রেনগুলি ২ নম্বর প্ল্যাটফর্ম দিয়েই যাবে।

দমদম, মেন লাইনে শিয়ালদা অভিমুখী সমস্ত ডাউন লোকাল ট্রেন ২ নম্বর প্ল্যাটফর্মে নেওয়া হবে।

৩, ৪, ও ৫ নম্বর প্ল্যাটফর্ম সার্কুলার এবং কলকাতা টার্মিনাল লাইনের জন্য ব্যবহার করা হবে।

oooooooooooooooooooo

কালীপুজো ও দীপাবলির সময় ফানুস ওড়ানো সম্পূর্ণ নিষিদ্ধ করেছে কলকাতা পুলিশ। পাশাপাশি, শব্দবাজি ফাটালে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানিয়েছেন। আলিপুরের ধনধান্য অডিটোরিয়ামে

গতকাল শহরের কালীপুজো কমিটিগুলির সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, যেভাবে দুর্গাপুজো নির্বিঘ্নে কেটেছে, তেমনভাবেই সকলের সহযোগিতায় কালীপুজো ও দীপাবলিও শান্তিপূর্ণভাবে কাটবে বলে তিনি আশাবাদী। শহরের সমস্ত বহুতল ও বড় আবাসনের উপর কড়া নজরদারি চলবে।

(বাইট – মনোজ ভার্মা)

উল্লেখ্য, কলকাতায় প্রায় সাড়ে তিন হাজার কালীপুজো হয়। বিসর্জনের দিন ধার্য হয়েছে ২১, ২২ ও ২৩ অক্টোবর।

বৈঠকে উপস্থিত ছিলেন সিইএসসি, রাজ্য বিদ্যুৎ পর্ষদ লিমিটেড, দমকল, পূর্ত দফতর, কলকাতা পুরসভা ও পরিবেশ দফতরের আধিকারিকরা।

oooooooooooooooooooooo

সরকারি সম্পত্তি না হওয়ায় বেলুড়ের রাসবাড়ি ঘাট ছটপুজোয় ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি শম্পা দত্ত পাল গতকাল জানিয়েছেন, ওই সম্পত্তি দেবোত্তর হলেও ব্যক্তিগত মালিকানাধীন। শিব কৃষ্ণ দেবত্তর স্টেটে ওই ঘাট, শুধু এবছর নয়, বরাবরের জন্যই ব্যবহার করা যাবে না বলে হাইকোর্টের পুজা অবকাশকালীন বেঞ্চ নির্দেশ দিয়েছেন । ওই এলাকা হুগলি নদীর তীরবর্তী হওয়ায় নদীর পাড়ে সুবিধাজনক জায়গায় ছট পুজোর জন্য অস্থায়ী ঘাট নির্মাণ করতে রাজ্যকে পরামর্শ দিয়েছে।

ooooooooooooooooooooooo

কালীপুজো ও দীপাবলির আগে পূর্ব মেদিনীপুরের পাশকুড়ায় রাজ্যের একমাত্র ফুল মজুত রাখার হিমঘর চালু না হওয়ায় ফুলচাষীদের মধ্যে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে। সারা বাংলা ফুলচাষী ও ফুলব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক অভিযোগ করেন, হিমঘরের যন্ত্রাংশ মেরামত না হওয়ায় কালীপূজার জন্য

প্রয়োজনীয় জবাফুল ওই সেখানে রাখা যাচ্ছে না। এর ফলে পুজোর ফুল যোগানে ঘাটতির পাশাপাশি দামও বৃদ্ধি পেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।

oooooooooooooooooooooo

রাজ্যের প্রায় সব জেলাতেই ভোরের দিকে শীতের আমেজ অনুভূত হচ্ছে। কমেছে সর্বনিম্ন তাপমাত্রাও। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৪ ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা।

আগামী একসপ্তাহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শুষ্ক আবহাওয়া থাকবে। তবে বঙ্গোপসাগর থেকে অতিরিক্ত জলীয় বাষ্প প্রবেশ করায় এবং পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে শনি - রবিবার উপকূলের জেলাগুলিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট-সৌরিশ)

ooooooooooooooooooooooooo